পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৭-৫৫৮৮
e-mail : stcoorco@bsnl.in

ক্রমিক নং : কো-অর্ডি - ৩৫ / ১৫

তারিখ : ২২-০৫-২০১৫

সম্পাদক.............................................................................................জেলা/ অঞ্চল

কমরেড,

গত রাজ্য কাউন্সিল সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৯ জুন,২০১৫ মঙ্গলবার, ছুটির পরে বকেয়া ৪৮% মহার্ঘভাতা, ষষ্ঠ বেতন কমিশন গঠনসহ সর্বমোট ৬ দফা দাবীতে জেলা সদরে/ মহকুমায় ব্যাপক সংখ্যায় কর্মচারী জমায়েত ও কলকাতার ৭টি অঞ্চলে সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত কর্মসূচী জেলা সদরে/ মহকুমায় ও কলকাতায় ৭টি অঞ্চলে ব্যাপক সংখ্যায় কর্মচারীদের উপস্থিতিতে সফল করতে সর্বাত্মক সাংগঠনিক উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করছি।

সংগ্রামী অভিনন্দনসহ,

সাধারণ সম্পাদক

দাবীসমূহ ঃ

১) নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সর্বজনীন গণবন্টন ব্যবস্থা চালু করতে হবে ।

২) বকেয়া ৪৮% মহার্ঘভাতা অবিলম্বে প্রদান করতে হবে। রাজ্য সরকার অধিগৃহীত বোর্ড-কর্পোরেশন, পঞ্চায়েত, শিক্ষক, শিক্ষাকর্মীসহ অন্যান্য বিধিবদ্ধ সংস্থাসমূহের আর্থিক দায়-দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হবে। পঞ্চম বেতন কমিশনের দ্বিতীয় এবং তৃতীয় অংশের (অমিতাভ চ্যাটার্জী ) কর্মচারী স্বার্থবাহী সুপারিশসমূহ অবিলম্বে কার্যকরী করতে হবে ।

৩) প্রশাসনিক সন্ত্রাস ও দমন পীড়নমূলক বদলী বন্ধ করতে হবে ।

৪) প্রশাসনের সর্বস্তরে শূণ্যপদগুলি পি . এস . সি - র মাধ্যমে পূরণ করতে এবং অনিয়মিত চুক্তিপ্রথায় নিয়োজিত কর্মচারীদের নিয়মিতকরণ সাপেক্ষে স্থায়ী কর্মচারীদের ন্যায় অন্যান্য সুযোগ-সুবিধা দিতে হবে । ওয়ার্ক-চার্জড কর্মচারীদের পূর্বের ন্যায় নিয়মিতকরণ করতে হবে । মৃত কর্মচারীর পরিবারের পোষ্যের চাকরি প্রদানের পূর্ববর্তী ব্যবস্থা বহাল রাখতে হবে ।

৫) অবিলম্বে ষষ্ঠ বেতন কমিশন গঠন এবং কমিশনের সুপারিশ ১ জানুয়ারী,২০১৪ থেকে চালু করতে হবে ।

৬) রাজ্য সরকারের নিয়ন্ত্রণে রেখেই ডেয়ারীগুলিকে আর্থিক দিক থেকে স্বনির্ভর করে গড়ে তুলতে প্রয়োজনীয় আধুনিকীকরণ করতে হবে এবং ডেয়ারীর বে-সরকারীকরণের উদ্যোগ বাতিল করতে হবে । ডেয়ারীর কর্মচারীদের রি-ডিপ্লয়মেন্ট বন্ধ করতে হবে । ডিপো কর্মচারীদের ভাতা বন্ধ করা চলবে না ।